# নির্বাচন প্রক্রিয়ায় ছাত্রদের না জড়ানোর আহ্বান বিএনপির



ছবি: সংগৃহীত

সংসদ নির্বাচনের মতো জটিল রাজনৈতিক প্রক্রিয়ায় ছাত্রদের সম্পৃক্ত না করার আহ্বান জানিয়েছে বিএনপি। দলটির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেছেন, এতে ছাত্র ও তাদের শিক্ষা প্রতিষ্ঠান অপ্রয়োজনীয় বিতর্কে জড়িয়ে পড়তে পারে।

আজ রোববার দুপুরে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। নজরুল ইসলাম খান বলেন, আইনশৃঙ্খলা বাহিনীর আওতায় যাদের দায়িত্ব নির্ধারিত আছে, নির্বাচনী কাজে তাদেরই রাখা উচিত। ছাত্রদের যুক্ত করার উদ্যোগের পর স্কাউটদেরও সম্পৃক্ত করার আলোচনা থাকতে পারে—এমন তথ্য পেয়েছেন বলেও উল্লেখ করেন তিনি। এ বিষয়ে কমিশন তাদের বক্তব্যের যৌক্তিকতা স্বীকার করে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার আশ্বাস দিয়েছে।

তিনি আরও বলেন, নির্বাচনী এলাকায় ‘শান্তি কমিটি’ গঠনের গুঞ্জন নিয়ে তারা উদ্বেগ জানিয়েছেন। যদিও নির্বাচন কমিশন জানিয়েছে, এমন কোনো সিদ্ধান্ত হয়নি। এছাড়া কিছু রাজনৈতিক দলের নেতাকর্মীরা নিজ নিজ এলাকা ছেড়ে অন্য এলাকায় কাজ করছেন—এ বিষয়েও তারা কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছেন। বিশৃঙ্খলা এড়াতে ভোটের অন্তত দুই দিন আগে বহিরাগতদের এলাকা ত্যাগের প্রস্তাব দেওয়া হয়েছে।

LENS ASIA

পর্যবেক্ষক নিয়োগ নিয়েও প্রশ্ন তোলেন নজরুল ইসলাম খান। তার ভাষ্য, প্রায় ৫৫ হাজার স্থানীয় পর্যবেক্ষকের অনুমোদন দেওয়া হয়েছে, যার মধ্যে অনেক অপরিচিত প্রতিষ্ঠান রয়েছে। সক্ষম প্রতিষ্ঠানগুলোকেই এ দায়িত্ব দেওয়া এবং অতিরিক্ত পর্যবেক্ষকের কারণে যাতে ভোটকেন্দ্রে কোনো বিঘ্ন না ঘটে, সে বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

প্রধান নির্বাচন কমিশনারের সঙ্গে বৈঠকে নজরুল ইসলাম খানের নেতৃত্বে বিএনপির তিন সদস্যের প্রতিনিধি দল অংশ নেয়।